



যুক্তরাষ্ট্র-ইসরায়েল অভিযানে ইরানে প্রাণহানি বেড়ে ৭৮৭



সংগৃহীত ছবি

পশ্চিম ইরানের হামাদান শহরের একটি আবাসিক এলাকায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, জনবহুল এলাকায় চালানো এ হামলায় আরও অন্তত ২৫ জন আহত হয়েছেন। স্থানীয় সূত্রের দাবি, নিহত ও আহতদের সবাই সাধারণ নাগরিক।

এদিকে চলমান সংঘাতে ইরানে মোট মৃতের সংখ্যা বেড়ে ৭৮৭ জনে পৌঁছেছে। আহত হয়েছেন আরও কয়েক হাজার মানুষ। মঙ্গলবার ইরানের রেড ক্রিসেন্ট সোসাইটির পরিসংখ্যানের বরাত দিয়ে এ তথ্য প্রকাশ করেছে ফরাসি বার্তা সংস্থা ফ্রান্স প্রেস সংস্থা।

বার্তা সংস্থাটি জানায়, হামলা শুরু হওয়ার পর থেকে মঙ্গলবার সকাল পর্যন্ত ৭৮০ জনের বেশি মানুষ নিহত হয়েছেন। তবে ইরান রেড ক্রিসেন্ট সোসাইটির দেওয়া হতাহতের এই পরিসংখ্যান স্বতন্ত্রভাবে যাচাই করা সম্ভব হয়নি বলেও উল্লেখ করা হয়েছে।